গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪ তারিখঃ ১৬/০৮/২০১৫ খ্রিঃ

**পরিপত্র**

**বিষয়ঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) সংশোধন।**

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ০২/০৬/১৯৯৪ তারিখের অম/অবি/উঃগঃশাঃ/৩/৯৪/৩৬০ নং স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সংযুক্ত তালিকায় (সংযোজনী) বর্ণিত বিষয়সমূহের ব্যয় মঞ্জুরির জন্যই কেবল অর্থ বিভাগের সম্মতির প্রয়োজন হবে। এ স্মারকের সাথে সংযুক্ত তালিকায় বা ১৬/০৮ /২০১৫ তারিখের নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩. ২০১০-৫৭৫ নংস্মারকের সাথে সংযুক্ত তালিকায় অন্তর্ভুক্ত হয়নি এ রকম যে কোন বিষয়ে ব্যয় মঞ্জুরির জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহকে পূর্ণ ক্ষমতা অর্পণ করা হল। মন্ত্রণালয়/বিভাগসমূহ রুলস অব বিজনেস ১৯৯৬ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান, সংশ্লিষ্ট বিষয়ে জারীকৃত সরকারি আদেশ পালন সাপেক্ষে এই অর্পিত ক্ষমতা প্রয়োগ করবেন এবং প্রয়োজনে অর্থ বিভাগকে অবহিত করে তাদের অধীনস্থ কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে পুনঃঅর্পণ করতে পারবেন।

০২। আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
**(মাহবুব আহমেদ)**
সিনিয়র সচিব

**বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। সদস্য, ........................................................................ বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। বিভাগীয় প্রধান........................................................................ (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪ তারিখঃ ১৬/ ০৮ /২০১৫ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।

৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৫। অফিস কপি।

(মোহাম্মদ মানজারুল মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

সংযোজনী

## উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে অর্থ বিভাগে বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়াবলীর তালিকা

১. অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী অর্থ বিভাগের সম্মতি প্রয়োজন এমন সকল বিষয়।

২. উন্নয়ন প্রকল্পের জন্য পদ/লোকবলের সংখ্যা নির্ধারণের প্রস্তাব।

৩. চলমান প্রকল্প সংশোধনের ক্ষেত্রে অতিরিক্ত পদ/লোকবলের সংখ্যা নির্ধারণের প্রস্তাব।

৪. কোন উন্নয়ন প্রকল্পের আওতায় চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে (পরামর্শক ব্যতীত) খসড়া চুক্তিপত্র।

৫. ডিএসএল জমা/কর্তন, প্রতিরুপ তহবিল এবং অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তনের শর্ত পরিবর্তনের প্রস্তাব।

৬. চলমান/সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে ঋণ-ইক্যুইটি কাঠামোর পরিবর্তন, অর্থায়নের ধরন/ব্যবস্থা, বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রদত্ত ঋণকে অনুদান/ইক্যুইটিতে রুপান্তরের প্রস্তাব।

৭. অনুমোদিত প্রকল্প ছকে উল্লিখিত কোন পদের বেতন, পদমর্যাদা এবং পদবি পরিবর্তন ।

৮. ফি, ভাতাদির অনুমোদিত হার পরিবর্তন অথবা নতুন হার নির্ধারণ।

৯. সরকারি কর্মচারি অথবা অন্যদেরকে উন্নয়ন প্রকল্পের আওতায় বিশেষ প্রকৃতির অথবা কষ্টসাধ্য কাজের জন্য সম্মানী মঞ্জুর।

১০. অগ্রিম, ইম্প্রেস্ট এবং ঘূর্ণায়মান তহবিল মঞ্জুরি (অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ এর অধীনে মঞ্জুরিকৃত স্থায়ী অগ্রিম, ভ্রমণ ব্যয় ও দৈনিক ভাতা অগ্রিম এবং অগ্রিম ব্যতীত)।

১১. বিদ্যমান পুনঃউপযোজন ক্ষমতা অনুযায়ী অনুমোদিত ক্ষেত্রসমূহ ব্যতীত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সংস্থানকৃত অর্থের অতিরিক্ত বরাদ্দ মঞ্জুরি।

১২. উন্নয়ন প্রকল্পের আওতায় যানবাহন ক্রয়।

নোটঃ বিদ্যমান কার্যবিধিমালা (Rules of Business) এবং প্রাসঙ্গিক অন্যান্য সরকারি আদেশ অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহের ক্ষেত্রেও অর্থ বিভাগের মতামত গ্রহণ করতে হবেঃ

(১) পর্যালোচনা ও মন্তব্যের জন্য ডিপিপি/টিপিপি আকারে সকল প্রকল্প প্রস্তাব।

(২) পর্যালোচনা ও মন্তব্যের জন্য উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ কর্তৃক প্রণীত সকল মূল্যায়ন প্রতিবেদন, সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং অর্থায়ন চুক্তি (Financial Agreement)

(৩) জাতীয় অর্থনৈতিক পরিষদ এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির জন্য প্রস্তুত সকল সার-সংক্ষেপ/প্রস্তাব এবং উন্নয়ন প্রকল্পের অর্থায়ন সংক্রান্ত বিষয়াদি (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পাক্ষিক পর্যালোচনা প্রতিবেদন ব্যতীত)।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৫

তারিখঃ ১ ভাদ্র, ১৪২২ বং / ১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়ঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অধিকতর আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) অর্পণ।**

উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিদ্যমান অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) পর্যালোচনাপূর্বক ২২/১২/২০০৪ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৮৩৮ নং, ০৪/০৫/২০০৮ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯২ ও ৯৯৩ নং এবং ১৭/০৪/২০১১ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৮৯ নং স্মারকসমূহে বর্ণিত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার (সংযোজনী) বর্ণনা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো। বর্ণিত তালিকায় ইতোমধ্যে সরকার কর্তৃক অনুমোদিত সরকারি ক্রয় আইন (PPR 2006) এবং সরকারি ক্রয় বিধিমালা (PPR 2008) এর আওতায় আনীত সংশোধন প্রতিফলিত হয়েছে।

২। এই স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতাসমূহ রুলস অব বিজনেস ১৯৯৬ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান এবং সংশ্লিষ্ট বিষয়সমূহের সময়-সময় জারীকৃত সরকারি আদেশ/সার্কুলার পালন সাপেক্ষে প্রয়োগ করতে হবে।

৩। মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণ এ পরিপত্রের মাধ্যমে তাদের উপর অর্পিত আর্থিক ক্ষমতা প্রয়োজনবোধে অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট অনুবিভাগকে অবহিতকরণপূর্বক অধিনস্থ কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে পুনঃঅর্পণ করতে পারবেন।

৪। এ পরিপত্রের মাধ্যমে অর্পিত অধিকতর আর্থিক ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তা সরকারি বিধি-বিধান অনুসরণ করে মিতব্যয়িতা, দূরদর্শিতা ও বিচক্ষণতার সাথে প্রয়োগ করবেন। এই আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের সুযোগ গ্রহণ করে

সংশ্লিষ্ট সকলের পক্ষে প্রকল্পের সুষ্ঠু ও ত্বরিত বাস্তবায়ন এবং সরকারি অর্থ ব্যয়ের জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে বলে সরকার আশা করে।

৫। আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
**(মাহবুব আহমেদ)**
সিনিয়র সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ............................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। সদস্য, ............................................................................ বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। বিভাগীয় প্রধান............................................................................ (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ............................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৫

তারিখঃ ১ ভাদ্র, ১৪২২ বং
১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

(মোহাম্মদ মানজারুল মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

**সংযোজনী**

**উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা**

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | অস্থায়ী পদ সৃষ্টি ও সংরক্ষণ | নিম্নলিখিত শর্তসাপেক্ষে **পূর্ণ ক্ষমতাঃ**<br>১। অনুমোদিত ডিপিপি/টিপিপিতে পদের উল্লেখ থাকতে হবে।<br>২। বিদ্যমান পদগুলির জন্য নির্দিষ্ট বাজেট বরাদ্দ থাকতে হবে।<br>৩। প্রকল্প বাস্তবায়নকালের অতিরিক্ত সময়ের জন্য কোন পদ সংরক্ষণ করা যাবে না।<br>৪। পদ সৃষ্টিতে বিদ্যমান সরকারি আদেশ ও পরবর্তীতে সময় সময় জারীকৃত আদেশও অনুসরণ করতে হবে।<br>নোটঃ পদ সৃষ্টির অনুমোদন ও সংরক্ষণের আদেশের কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | নাই | নাই | নাই | নাই |
| ২ | বরাদ্দের উপযোজন/পুনঃ উপযোজন | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে **পূর্ণ ক্ষমতাঃ**<br>ক) যে কর্তৃপক্ষ অর্থ উপযোজন করে খরচ করার ক্ষমতাবান নয় সে কর্তৃপক্ষ উপযোজন/পুনঃ উপযোজন করতে পারবে না।<br>খ) নিম্নলিখিত ক্ষেত্রসমূহে কোন উপযোজন/পুনঃউপযোজন করা যাবে নাঃ<br>(১) এক মঞ্জুরি থেকে অন্য মঞ্জুরিতে।<br>(২) কোন প্রধান খাতের অন্তর্ভুক্ত রাজস্ব ব্যয় হতে মূলধন ব্যয়ে অথবা মূলধন ব্যয় হতে রাজস্ব ব্যয়ে অথবা বেতন ও ভাতা শ্রেণি হতে অন্য কোন শ্রেণিতে।<br>(৩) অর্থবছর শেষ হওয়ার পর।<br>(৪) খরচের এমন আইটেম যা যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়নি।<br>(৫) বৈদেশিক মুদ্রায় খরচের বরাদ্দ হতে স্থানীয় মুদ্রায় এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য হতে স্থানীয় মুদ্রায়।<br>(৬) সিডি ভ্যাট খাত হতে অন্য কোন খাতে (তবে অন্য কোন খাত হতে সিডি ভ্যাট খাতে বরাদ্দ প্রয়োজনবোধে উপযোজন /পুনঃ উপযোজন করা যাবে)।<br>(৭) পূর্ত কাজের খরচের জন্য পাবলিক ওয়ার্কস একাউন্টস কোড এর এ্যাপেনডিক্স-৬ এর ৩১ ও ৩২ অনুচ্ছেদের শর্ত প্রযোজ্য হবে।<br>গ) উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা | নাই | নাই | নাই | নাই |

২১/৮/১৫

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | এর সংলগ্নী-১ অনুযায়ী বিভিন্ন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ বন্টনপূর্বক বিভাজন আদেশ জারী এবং সংশোধন করতে পারবে। | | | | |
| ৩ | অনুমোদিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | নাই | নাই | নাই | নাই |
| ৪ | ইমপ্রেস্ট অনুমোদন | মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে ক-শ্রেণি, খ-শ্রেণি ও গ-শ্রেণির প্রকল্প পরিচালকদের জন্য **যথাক্রমে ১.০০ লক্ষ টাকা, ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা** পর্যন্ত ইমপ্রেস্ট মঞ্জুর করতে পারবেঃ<br>১) ইমপ্রেস্টের অর্থ নিম্নের ৩৮ নং আইটেমে উল্লেখিত সাধারণ শর্ত পালনপূর্বক ব্যবহার করা যাবে।<br>২) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বে চূড়ান্তভাবে ইমপ্রেস্ট সমন্বয় করতে হবে এবং আর কোন ইমপ্রেস্ট উত্তোলন করা যাবে না। | নাই | নাই | নাই | নাই |
| ৫ | উন্নয়ন প্রকল্পের গাড়ি/ যানবাহন মেরামত | নিম্নলিখিত শর্ত এবং বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে **বৎসরে ১টি যানবাহনের জন্য অনুর্ধ ১.০০ লক্ষ টাকা**। -<br>১. সরকারি যানবাহন কারখানা কর্তৃক প্রত্যায়িত হতে হবে যে, তারা উক্ত মেরামত করতে অসমর্থ;<br>২. এতদ্‌সংশ্লিষ্ট প্রচলিত বিধি বিধান ও সরকারি আদেশ নির্দেশ অনুসরণ করতে হবে;<br>৩. উর্ধ্বতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরি এড়ানোর উদ্দেশ্যে মোট মেরামত ব্যয় বিভাজন করা যাবে না। | কলাম-৩ এ বর্ণিত শর্তসাপেক্ষে এক বছরে **একটি যানবাহনের জন্য অনুর্ধ ৭৫ হাজার টাকা** | কলাম-৩ এ বর্ণিত শর্তসাপেক্ষে এক বছরে **একটি যানবাহনের জন্য অনুর্ধ ৫০ হাজার টাকা** | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৬ | প্রকল্পের গাড়ীর জন্য জ্বালানী, অয়েল ও লুব্রিকেন্ট ক্রয় | জ্বালানী, অয়েল ও লুব্রিকেন্ট ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ থাকা এবং সময় সময় পিওএল ব্যবহার ও প্রকল্পের যানবাহন ব্যবহার সম্পর্কে জারীকৃত নির্দেশনা পালন সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা** | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৭ | মনিহারী দ্রব্যাদি ক্রয় অনুমোদন | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | নিম্নরূপ শর্ত সাপেক্ষে **এককালীন ৫ লক্ষ** টাকা পর্যন্তঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি **(১০০ কোটি টাকার উর্ধ্বে)** | খ-শ্রেণি **(৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত)** | গ-শ্রেণি **(৫০ কোটি টাকা পর্যন্ত)** |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| ৮(ক) | অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র এবং **সংশ্লিষ্ট** সেবা ক্রয় (বিঃ দ্রঃ অফিস সরঞ্জাম বলতে কম্পিউটার, প্রিন্টার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্ক্যানার, ফ্যাক্স, ফটোকপিয়ার ইত্যাদি) | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৮(খ) | অফিস সরঞ্জাম, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি মেরামত | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৯(ক) | বাইসাইকেল ক্রয় | বিদ্যমান সরকারি আদেশ, বাজেট বরাদ্দ ও ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট দ্রব্য অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৯(খ) | মোটর সাইকেল ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর শর্তসাপেক্ষে **৫.০০ লক্ষ** টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৩.০০ **লক্ষ** টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে **২.০০ লক্ষ** টাকা পর্যন্ত |
| ৯(গ) | মোটর সাইকেল/ বাইসাইকেল মেরামত | বাজেট বরাদ্দ সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১০ | বই, সাময়িকী, সংবাদপত্র ও মানচিত্র ইত্যাদি ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১১ | দেশী নৌকা ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই | নাই |
| ১২ | যান্ত্রিক জলযান ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই | নাই |
| ১৩ | মোটর গাড়ী ক্রয় | ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ, গাড়ী ক্রয়ের বিষয়ে **অর্থ বিভাগের পূর্বসম্মতি থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর শর্তসাপেক্ষে **১ কোটি** টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে **৭৫ লক্ষ** টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে **৩৫ লক্ষ** টাকা পর্যন্ত | নাই |
| ১৪ | বিদ্যুৎ, পানির বিল এবং | বাজেট বরাদ্দ সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা** | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর | কলাম-৩ এর |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্দ্ধে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্দ্ধে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | অন্যান্য কর পরিশোধ | | | | অনুরূপ | অনুরূপ |
| ১৫ | ডাক, টেলিগ্রাফ, টেলেক্স, ফ্যাক্স, ই-মেইল, ইন্টারনেট এবং টেলিফোন বিল পরিশোধ | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ১৬ | সার্ভিস পোস্টেজ | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১৭ | মুদ্রণ ব্যয় | বাজেট বরাদ্দ সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | **১ লক্ষ** টাকা পর্যন্ত | **৫০ হাজার** টাকা পর্যন্ত | **৫০ হাজার** টাকা পর্যন্ত |
| ১৮ | **পরিবহন ব্যয়** | বাজেট বরাদ্দ সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১৯ | আইন সংক্রান্ত ব্যয় | 'রিমেমব্রেন্সার্স ম্যানুয়্যাল' এর শর্ত পালন সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা** | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই |
| ২০ | অনাবাসিক ভবন ভাড়া | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে **পূর্ণ ক্ষমতাঃ**<br>১) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আয়তন অতিক্রম করা যাবে না।<br>২) ভবন প্রকৃত পক্ষে অফিস হিসেবে ব্যবহার করা হবে।<br>৩) অর্থ বিভাগের সম্মতিক্রমে জারীকৃত সার্কুলার অনুযায়ী বাজেট বরাদ্দ সাপেক্ষে নির্ধারিত হারে ভাড়া প্রদান করতে হবে। তবে মন্ত্রণালয়/বিভাগ নির্ধারিত হারের চেয়ে সর্বোচ্চ ২৫% বেশী হারে ভাড়া মঞ্জুর করতে পারবে।<br>৪) প্রয়োজনবোধে মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক ছয় মাসের অগ্রিম ভাড়া মঞ্জুর করতে পারবে। | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ঢাকা ও অন্যান্য সিটি কর্পোরেশনের অধীন এলাকার জন্য প্রতি মাসে **১ লক্ষ টাকা** পর্যন্ত। সিটি কর্পোরেশনসমূহের বাইরে অন্যান্য শহরে প্রতি মাসে **৪০ হাজার টাকা** পর্যন্ত | কলাম-৪ এর অনুরূপ | কলাম-৪ এর অনুরূপ | কলাম-৪ এর অনুরূপ |
| ২১ | প্রকল্পের টেকনিক্যাল কাজের জন্য যন্ত্রপাতির ভাড়া (যেমন-রোড রোলার, কম্প্যাকশন ইকুইপমেন্ট, কনক্রিট মিকচার মেশিন ইত্যাদি) | বাজেট বরাদ্দ সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা** | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২২ | সরকারী গাড়ী/যানবাহন নিবন্ধন ও ফিটনেস বাবদ ব্যয় | ক) ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**।<br>খ) মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক নিবন্ধন ফি ও ফিটনেস এর জন্য প্রয়োজনীয় অর্থ অগ্রিম উত্তোলনের অনুমোদন | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | দিতে পারেন এ শর্তে যে সংশ্লিষ্ট গাড়ী ডিপিপি/টিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে এবং গাড়ীর সরবরাহ নেয়া হয়েছে। | | | | |
| ২৩ | প্রকল্পের জন্য জমি/ জলাশয় ক্রয়/ লিজ গ্রহণ | ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই | নাই |
| ২৪ | ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্ট নিয়োগ | ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট পণ্য আমদানি অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা**। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২৫ | প্রকল্পে উৎপাদিত পণ্যের বিক্রয় নিষ্পত্তি | বিদ্যমান সরকারি নীতি/পদ্ধতি অনুসরণ সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা** | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২৬ | মেরামতের অযোগ্য দ্রব্যাদি বিক্রয় | **পূর্ণ ক্ষমতা**। তবে শর্ত থাকে যে, উক্ত দ্রব্যাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মেরামতের অযোগ্য বলে ঘোষিত হতে হবে এবং খোলা দরপত্র/উন্মুক্ত নিলামে বিক্রয় করতে হবে। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২৭ | টেন্ডার/কোটেশন ব্যতীত<br>ক) সরাসরি ক্রয় অনুমোদন {পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) এবং ৮২(১) অনুযায়ী}<br><br>(খ) ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা ইত্যাদি { পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট)অনুযায়ী} | প্রযোজ্য নয়*২<br><br>**(খ) একক ক্ষেত্রে ৫ লক্ষ টাকা এবং মন্ত্রণালয়/বিভাগের অনুমোদনক্রমে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা।** | প্রযোজ্য নয়*২<br><br>(খ) একক ক্ষেত্রে ২ লক্ষ টাকা এবং ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা। | (ক) স্বল্প মূল্যের পণ্য এবং জরুরি ও অত্যাবশ্যকীয় সেবা সরাসরি নগদ ক্রয় প্রতিক্ষেত্রে **এককালীন অনধিক ২৫ হাজার** টাকা তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা।<br><br>(খ) একক ক্ষেত্রে ১ লক্ষ টাকা এবং ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE)অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা।<br>(গ) জরুরী প্রয়োজনে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগের ক্ষেত্রে **ফোর্স একাউন্টের** প্রয়োগ করেঃ প্রতিক্ষেত্রে এককালীন **৩ লক্ষ** টাকা পর্যন্ত।<br>শর্তাবলীঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে | কলাম-৫ এর অনুরূপ<br><br>(খ) একক ক্ষেত্রে ৫০,০০০ টাকা এবং ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ২ লক্ষ টাকা। | কলাম-৫ এর অনুরূপ<br><br>(খ) শূন্য |

২১/৮/২৫

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি **(১০০ কোটি টাকার উর্ধ্বে)** | খ-শ্রেণি **(৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত)** | গ-শ্রেণি **(৫০ কোটি টাকা পর্যন্ত)** |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| ২৮ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের (RFQ) মাধ্যমে ক্রয় অনুমোদন {পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৮৮(১) অনুযায়ী} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন **৫ লক্ষ** টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন **১০ লক্ষ** টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(গ) বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের জন্য স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও অপ্রত্যাশিত ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন **২০ লক্ষ** টাকা পর্যন্ত।<br>**শর্তাবলীঃ**<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | পালন করতে হবে। | | |
| ২৯ | তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয় পিপিআর-২০০৮ এর ৬৩(২) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ ক্রমিক ২৮ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩০ | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি সর্বাধিক ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম সর্বাধিক ২০.০০ লক্ষ টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩১ | প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও গবেষণা ব্যয় | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>(১) ক্রমিক নং ৩৮ এ বর্ণিত শর্তাদি পালন করতে হবে।<br>(২) ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং বার্ষিক উন্নয়ন বাজেটে বরাদ্দ থাকতে হবে।<br>(৩)প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক এ সকল কর্মকান্ড পরিচালনার জন্য ডিপিপি/টিপিপিতে নির্ধারিত হার ও নীতিমালা অনুযায়ী এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি , প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের ফি, আপ্যায়ন হার ইত্যাদি উল্লেখপূর্বক সার্কুলার জারী করতে হবে। ডিপিপি/টিপিপিতে এ বিষয়ে কোন হার ও নীতিমালা উল্লেখ না থাকলে সেক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত সার্কুলার জারী করতে হবে।<br>(৪) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারী দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, প্রশিক্ষণ ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ, সেমিনার অনুষ্ঠানের জন্য আপ্যায়ন ও প্রশাসনিক ব্যয় ইত্যাদির বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে।<br>(৫) এ সকল কর্মকান্ডের উদ্দেশ্য, সম্ভাব্য ব্যয়, আয়োজনের তারিখ, অংশগ্রহণকারী/ প্রশিক্ষক/ রিসোর্স পার্সন এর শ্রেণি, পদবি ও সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থাসহ সকল উৎস থেকে | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে **৫০ লক্ষ** টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে **৩০ লক্ষ** টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে **২৫ লক্ষ** টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে **২০ লক্ষ** টাকা |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | বাস্তবায়নযোগ্য সকল কর্মকান্ডের একটি যৌথ ত্রৈমাসিক/বার্ষিক পরিকল্পনা প্রণয়নপূর্বক তা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | | | | |
| ৩২ | ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ কোর্স, গবেষণা কার্যক্রম, সামাজিক উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানের জন্য বাজেট বরাদ্দের অংশ থেকে অগ্রিম অনুমোদন। | ক্রমিক নং ৩১ এর কলাম ৩ এবং ৩৮ এ বর্ণিত শর্তাদি পালন সাপেক্ষে প্রশাসনিক মন্ত্রণালয় প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত অগ্রিম উত্তোলনের অনুমোদন দিতে পারবে। | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ১ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৬০ হাজার টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৪০ হাজার টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৩০ হাজার টাকা পর্যন্ত |
| ৩৩ | পূর্ত কাজ ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন *১ | **৫০ কোটি** টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১)অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | **৩০ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **২০ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **১৫ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **১০ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৪ | প্রকল্প বাস্তবায়নের জন্য পণ্য/মালামাল/ যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও **সংশ্লিষ্ট সেবা** চুক্তি অনুমোদন *১ (যন্ত্রপাতি বলতে ৮(ক), ৯(ক), ৯(খ) এবং ১১-১৩ তে উল্লিখিত সরঞ্জামাদি/যন্ত্রপাতি/ মালামাল ব্যতীত) | **৫০ কোটি** টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | **২০ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **১০ কোটি টাকা** পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **৫ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **৩ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৫ | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের চুক্তি অনুমোদন *১ | **১০ কোটি** টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন | **৭ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **৫ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **৩ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | **১ কোটি** টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | | | |
| ৩৬ | ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা,মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা ইত্যাদি | ডিপিপি/টিপিপিতে অন্তর্ভুক্ত থাকা, বিদ্যমান বিধি ও শর্ত পালন এবং বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে **পূর্ণ ক্ষমতা।** | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **৫০ লক্ষ টাকা পর্যন্ত** | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **৩০ লক্ষ টাকা পর্যন্ত** | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **২০ লক্ষ টাকা পর্যন্ত** | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে **১০ লক্ষ টাকা পর্যন্ত** |
| ৩৭ | অধস্তন কর্মকর্তাদের নিকট অধিকতর আর্থিক ক্ষমতা হস্তান্তর/পুনঃঅর্পণ | মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক প্রয়োজন মনে করলে অর্থ বিভাগকে অবহিত রেখে উপর্যুক্তভাবে তাদের উপর অর্পিত ক্ষমতা তাদের অধীনস্ত কর্মকর্তার নিকট পুনঃঅর্পণ করতে পারবেন। তবে ক্রমিক নং-৪ এ বর্ণিত ইমপ্রেষ্ট সংক্রান্ত ক্ষমতা অধীনস্ত কর্মকর্তার নিকট পুনঃঅর্পণ করা যাবে না এবং প্রকল্প পরিচালকের নীচে কোন কর্মকর্তার নিকট ইমপ্রেষ্ট প্রদান করা যাবে না। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |

*১ সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রিয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫, ৬ অথবা ৭ অনুসরণ করতে হবে।

৩৮। উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় নিম্নবর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবেঃ

(ক) বিদ্যমান আর্থিক ও প্রাসংগিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে;

(খ) সংশ্লিষ্ট ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট দ্রব্য/আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং এর বিপরীতে বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে অর্থ ব্যয় করতে হবে;

(গ) যে সকল সেবা বা সরবরাহ সংগ্রহ করা হবে তার নির্দিষ্ট পরিমাণ ও সংখ্যা ডিপিপি/টিপিপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে;

(ঘ) বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রিমের ৮৫% সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না;

(ঙ) অগ্রিম গ্রহণের মাধ্যমে কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে অথবা অর্থবছরের ৩০ শে জুনের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে;

(চ) সংশ্লিষ্ট অর্থবছরের মধ্যে সকল হিসাব সম্পন্ন করতে হবে;

(ছ) অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেংগে ভেংগে ক্রয় করা যাবে না;

(জ) ডিপিপি/টিপিপি অনুযায়ী ও বাজেট বরাদ্দের মধ্যেই অর্থ ব্যয় করা হয়েছে কিনা এবং পুনর্ভরণ দাবী দাখিল ও গ্রহণ সঠিক সময়ে করা হয়েছে কিনা তা নিশ্চিত করার লক্ষ্যে প্রকৃত খরচ ও পুনভরণের ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে;

(ঝ) প্রশাসনিক মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে গৃহীত অগ্রিম এর সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রশাসনিক মন্ত্রণালয় ও অর্থ বিভাগে জুলাই মাসে প্রেরণ করবেন;

(ঞ) উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা (অর্থ বিভাগে প্রেরিতব্য বিষয়সমূহের তালিকা) এ বর্ণিত বিষয়গুলি সম্মতির জন্য অবশ্যই অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ট) ডসা/কোনটাসা/সেফ/ইমপ্রেষ্ট পদ্ধতিতে অর্থ ব্যবহারের জন্য বিধি ও পদ্ধতি অবশ্যই পালন করতে হবে;

(ঠ) উন্নয়ন সহযোগীর নির্দেশনা, প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই পালন করতে হবে এবং উপরে বর্ণিত নীতিমালা ও পদ্ধতির সাথে উন্নয়ন সহযোগী সংস্থার নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে সেক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থার নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬

তারিখঃ ০১ ভাদ্র ১৪২২ বং
১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ ক) গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা প্রদান।
খ) সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা অর্পণ।

প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন ও ক্রয় সংক্রান্ত বিদ্যমান আইন ও বিধিমালার সাথে সামঞ্জস্য রেখে অর্থ বিভাগের ১১/০৯/২০০৪ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২, ৪/০৫/২০০৮ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯৪ ও ১৭/০৪/২০১১ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৯০ নং স্মারকসমূহের মাধ্যমে জারীকৃত গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বোর্ড অব ডাইরেক্টরস/ সংস্থার নির্বাহী প্রধান/প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার **(সংযোজনী)** বর্ণনা অনুযায়ী অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো। ইতঃপূর্বে জারীকৃত পরিপত্রে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহকে ছোট ও বড় ভাগে ভাগ করে ক্ষমতা অর্পণ করা হয়েছিল। সংস্থাসমূহকে ছোট ও বড় ভাগে ভাগ করার কারনে সৃষ্ট জটিলতা ও সংশয় দূরীকরণের লক্ষ্যে এ পরিপত্রে সংস্থাসমূহকে একই পর্যায়ে বিবেচনা করে ক্ষমতা অর্পণ করা হয়েছে।

২। তাছাড়া ৩০/০৭/২০০৯ তারিখের অম/অবি/বা-১১/বিবিধ-৪৬/২০০৭/৩৭৯ নং স্মারকের মাধ্যমে জারীকৃত সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বোর্ড অব ডাইরেক্টরস/ সংস্থার নির্বাহী প্রধান/প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার **(সংযোজনী)** বর্ণনা অনুযায়ী অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

৩। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদনের এ আর্থিক ক্ষমতা কেবলমাত্র অনুমোদিত উন্নয়ন/অনুন্নয়ন বাজেটে বরাদ্দ থাকাসহ পিপিএ ২০০৬ ও পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথাবে পালন সাপেক্ষে প্রযোজ্য হবে।

৪। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ এর মূল্য যাই হউক না কেন সুবিধা প্রদান চুক্তি (Concession Contract: BOO, BOT, BOOT ইত্যাদি), লীজ (Lease), সরবরাহকারী ঋণ (Suppliers Credit) এবং ক্রেতা ঋণ (Buyer's Credit) এর আওতায় সম্পাদিতব্য সকল চুক্তি অনুমোদন/সম্পাদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

৫। (ক) যে সকল কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা ইতোমধ্যে তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেছে এবং উক্ত আর্থিক ক্ষমতা যদি সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতা হতে অধিক হয়ে থাকে তবে সে সকল কর্মকর্তাদের ক্ষেত্রে সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) যে সকল কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এখনও তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেনি বা অর্পণ করে থাকলেও তা সংযোজনীতে বর্ণিত ক্ষমতা হতে কম, সে সকল কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে উন্নীত বা পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের সাথে স্বাক্ষরিত চুক্তিতে অন্তর্ভুক্ত আর্থিক ক্ষমতা ব্যবহারের নীতি ও পদ্ধতির সাথে এ আদেশ এবং সংযোজনীতে বর্ণিত নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

৬। মন্ত্রণালয়/বিভাগ, বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান এবং বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/ব্যবস্থাপকগণ এ পরিপত্রের মাধ্যমে তাদের অর্পিত আর্থিক ক্ষমতা সম্পূর্ণ বা আংশিকভাবে তাদের অধীনস্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে অর্পণ করতে পারবেন।

৭। প্রতি অর্থ বৎসরের শুরুতে বাৎসরিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়নপূর্বক সংস্থার নির্বাহী প্রধান কিংবা তাঁর দ্বারা মনোনীত কর্মকর্তার নিকট হতে যে অনুমোদন গ্রহণ করা হবে তাই প্রশাসনিক অনুমোদন হিসেবে বিবেচিত হবে।

৮। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
**(মাহবুব আহমেদ)**
সিনিয়র সচিব

<u>বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। সদস্য, ............................................................................... বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। বিভাগীয় প্রধান.............................................................................................. (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, .............................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬ তারিখঃ ০১ ভাদ্র ১৪২২ বং / ১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

১৬/৮/১৫
(মোহাম্মদ মানজারুল মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

## সংযোজনী

### ক) উন্নয়ন খাতঃ

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ **(১০০ কোটি টাকার উর্ধ্বে)** | খ-শ্রেণি*৩ **(৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত)** | গ-শ্রেণি*৩ **(৫০ কোটি টাকা পর্যন্ত)** |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ২৫ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত | ১৫ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল /সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ১০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ৭ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| ৪ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯ (১), বিধি-৮২(১) ও বিধি ৬৯ (৬) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: ২০ লক্ষ টাকা পর্যন্ত | | |
| ৫ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে : {পিপিআর-২০০৮ এর বিধি-৮১ (১), বিধি-৮২(১) ও বিধি=৭৬ (১)(ট) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত তবে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতিক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতিতে, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে ৫০ লক্ষ টাকা তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগের সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা। | | |
| ৬. | তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয় পিপিআর-২০০৮ এর ৬৩(২) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ আর্থিক ক্ষমতার ২৭ নং ক্রমিকের ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | | |
| ৭. | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | | |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৬, ৭ অথবা ৮ অনুসরণ করতে হবে;

*৩ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

## খ) অনুন্নয়ন খাতঃ

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ*৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ১৬ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল /সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ১০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |
| ৪ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯ (১), বিধি-৮২(১) ও বিধি=৬৯ (৬) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরদরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: ১৫ লক্ষ টাকা পর্যন্ত | |
| ৫ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত সরাসরি ত্রুয়ের ক্ষেত্রে : {পিপিআর-২০০৮ এর বিধি-৮১ (১), বিধি-৮২(১) ও বিধি=৭৬ (১) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতিক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতিতে, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে ৫০ লক্ষ টাকা তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগের সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয় পিপিআর-২০০৮ এর ৬৩(২) | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ আর্থিক ক্ষমতার ক্রমিক ২৭ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ আর্থিক ক্ষমতার ক্রমিক ২৭ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ আর্থিক ক্ষমতার ২৭ নং ক্রমিকের ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। |
| ৭. | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫ অথবা ৬ অনুসরণ করতে হবে।

*৩ জাতীয় বেতন স্কেলের পঞ্চম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। পঞ্চম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদের নিয়ন্ত্রণকারী পঞ্চম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।

---